NEW YORK STATE | Office for People With Developmental Disabilities

2025 বার্ষিক প্রতিবেদন
সহজ ভাষা

2025 OPWDD বার্ষিক প্রতিবেদন
সহজ ভাষা

এই নথির বিষয়বস্তু

কমিশনার Willow Baer (উইলো বেয়ার)-এর বার্তা	পৃষ্ঠা 4
OPWDD কৌশলগত পরিকল্পনা	পৃষ্ঠা 5
OPWDD তথ্য	পৃষ্ঠা 6
OPWDD খরচ	পৃষ্ঠা 7
লক্ষ্য 1-এর আপডেট	পৃষ্ঠা 8
লক্ষ্য 2-এর আপডেট	পৃষ্ঠা 10
লক্ষ্য 3-এর আপডেট	পৃষ্ঠা 12
OPWDD অ্যাডভোকেসি এবং পিয়ার সাপোর্ট ইউনিট	পৃষ্ঠা 14

কমিশনার Willow Baer (উইলো বেয়ার)-এর বার্তা

প্রিয় বন্ধুরা,

এই বছর, আমরা বিকাশজনিত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পরিষেবাগুলি আরও ভালো করার লক্ষ্যে একসাথে কাজ করেছি। OPWDD-তে মানুষই সবার আগে। আমরা চাই প্রত্যেকের কাছে বেঁচে থাকার, কাজ করার এবং তাদের কমিউনিটির অংশ হওয়ার জন্য যা প্রয়োজন তা থাকুক।

আমরা যা করেছি তার জন্য আমি গর্বিত এবং যারা এই গুরুত্বপূর্ণ কাজে সাহায্য করেছেন তাদের সবার প্রতি আমি কৃতজ্ঞ। এই প্রতিবেদনটি আমাদের সিস্টেমকে উন্নত করার জন্য 2025 সালে OPWDD যে সমস্ত কাজ করেছে তার একটি আপডেট।

গত বছর, OPWDD-তে আমরা কর্মীদের আরও ভালো প্রশিক্ষণ, পদোন্নতির সুযোগ এবং উচ্চ বেতন দিয়ে সহায়তা করেছি। আমরা আমাদের কম্পিউটার সিস্টেমকে আরও ভালো করার জন্যও কাজ করেছি যাতে মানুষ তাদের প্রয়োজনীয় সহায়তা সহজে পেতে পারে।

পরিষেবাগুলি যাতে উচ্চ মানের এবং নিরাপদ হয় তা নিশ্চিত করতে আমরা এজেন্সিগুলির সাথে কাজ করেছি। আমরা আমাদের প্রোগ্রামগুলি, যেমন কেয়ার কোঅর্ডিনেশন এবং সেলফ-ডিরেকশন পর্যালোচনা করেছি এটা জানার জন্য যে কী কাজ করছে এবং কীভাবে আমরা সেই প্রোগ্রামগুলিকে আরও ভালো করতে পারি। আমরা এটাও নিশ্চিত করতে কাজ করেছি যে যাদের জটিল সহায়তার প্রয়োজন বা যারা সংকটে আছেন তারা যেন প্রয়োজনীয় সাহায্য পান।

আমাদের সিস্টেমকে ভালো করার একটি বড় অংশ হলো বিকাশজনিত প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবারের কথা শোনা। গত বছর, অনেক মানুষ এবং পরিবারের সদস্যরা আমাদের এই কাজে সাহায্য করেছিলেন।

2026 সালে, আমরা এমন একটি সিস্টেম গড়ে তোলার জন্য একসাথে কাজ চালিয়ে যেতে পেরে আনন্দিত যা সবার জন্য ন্যায্য, সম্মানজনক এবং স্বাগতপূর্ণ। আমি আপনাদের সবার সাথে এই কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা করছি।

আপনার সমর্থনের জন্য এবং এই কাজের প্রতি যত্নশীল হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

ধন্যবাদান্তে,

Willow Baer (উইলো বেয়ার), OPWDD কমিশনার

OPWDD কৌশলগত পরিকল্পনা

2022 সালে, OPWDD একটি নতুন পাঁচ বছর মেয়াদী কৌশলগত পরিকল্পনা তৈরি করেছে।

পরিকল্পনাটি 2023 থেকে 2027 পর্যন্ত পরবর্তী পাঁচ বছরে আমরা কী কী পরিবর্তন করতে চাই তার রূপরেখা প্রদান করে।

পরিকল্পনাটিতে লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যকলাপগুলি রয়েছে যা ব্যাখ্যা করে OPWDD কীভাবে সিস্টেম এবং পরিষেবাগুলিকে উন্নত করতে কাজ করবে।

www.opwdd.ny.gov-এ OPWDD ওয়েবসাইটে আপনি এই পরিকল্পনার একটি কপি পেতে পারেন

OPWDD-এর লক্ষ্য ও উদ্দেশ্যগুলি

লক্ষ্য 1: OPWDD-এর প্রথম লক্ষ্য হলো কর্মী, প্রযুক্তি এবং অন্যদের সাথে কাজ করা।

- কর্মীবাহিনীকে শক্তিশালী করা
- OPWDD-এর টুল এবং সিস্টেম আপডেট করা
- মানুষ এবং জনসাধারণের সাথে কাজ করা

লক্ষ্য 2: OPWDD-এর দ্বিতীয় লক্ষ্য হলো পরিষেবা উন্নত করা, নিয়ম সহজ করা এবং মানুষকে সহায়তা করার নতুন উপায় খোঁজা।

- সহায়তা এবং পরিষেবাগুলি উন্নত করা
- নিয়ম এবং নীতিগুলি সহজ করা
- নতুন প্রোগ্রাম এবং পরিষেবা নিয়ে গবেষণা করা

লক্ষ্য 3: OPWDD-এর তৃতীয় লক্ষ্য হল ব্যক্তি-কেন্দ্রিক সহায়তাগুলিকে উন্নত করা।

- শিশু, কিশোর-কিশোরী এবং তরুণ প্রাপ্তবয়স্কদের সহায়তা করা
- জটিল চাহিদাসম্পন্ন মানুষদের সেবা প্রদান করা
- বৈচিত্র্যময় কমিউনিটির কাছে পৌঁছানো

OPWDD-এর তথ্য

2024 সালে, OPWDD 135,000-এর বেশি মানুষকে সহায়তা করেছে।

এই ব্যক্তিদের মধ্যে 65% পুরুষ এবং 35% মহিলা ছিলেন।

OPWDD সব বয়সের মানুষকে সহায়তা করে। OPWDD দ্বারা সহায়তাপ্রাপ্ত 58% মানুষ ছিলেন 21 থেকে 64 বছর বয়সী প্রাপ্তবয়স্ক। 35% ছিলেন 20 বছর বা তার কম বয়সী শিশু এবং 7% ছিলেন 65 বছর বা তার বেশি বয়সী প্রবীণ।

সেবাপ্রাপ্ত মানুষদের বয়স



সেবাপ্রাপ্ত মানুষদের লিঙ্গ

OPWDD নিউ ইয়র্ক স্টেটের সব প্রান্তের এবং বিভিন্ন সংস্কৃতির মানুষকে সাহায্য করে।

2024 সালে, OPWDD থেকে সাহায্য পাওয়া অধিকাংশ মানুষ শ্বেতাঙ্গ (65.5%) হিসাবে নিজেদের পরিচয় দিয়েছেন। এর পরের বৃহত্তম গোষ্ঠীটি ছিল কৃষ্ণাঙ্গ (19.3%), এবং তারপর এশিয়ান (4.5%)। OPWDD হিস্পানিক বংশোদ্ভূত বলে নিজেদের পরিচয় দেওয়া (16.6%) মানুষদেরও সহায়তা করেছে।

আমরা যাদের সহায়তা করি তাদের সম্পর্কে আরও জানতে OPWDD এখনও কাজ করছে। আমরা জেন্ডার আইডেন্টিটি এবং লিঙ্গ সম্পর্কে তথ্য সংগ্রহ করা শুরু করব যাতে ভবিষ্যতে আমরা কাদের সহায়তা করি সে সম্পর্কে আরও তথ্য শেয়ার করতে পারি।

$ OPWDD-এর খরচ

OPWDD হলো নিউ ইয়র্ক স্টেটের একটি এজেন্সি যা বিকাশজনিত প্রতিবন্ধী ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় পরিষেবা ও সহায়তা পেতে সাহায্য করে। অধিকাংশ পরিষেবা রাজ্যজুড়ে অন্যান্য এজেন্সির মাধ্যমে প্রদান করা হয়, তবে কিছু পরিষেবা সরাসরি OPWDD প্রদান করে।

ফেডারেল Medicaid ফান্ড এবং নিউ ইয়র্ক স্টেট ফান্ডের অর্থ দিয়ে OPWDD-এর পরিষেবার খরচ মেটানো হয়।

2024 সালে, পরিষেবার খরচ মেটাতে OPWDD Medicaid ফান্ড থেকে প্রায় $10 বিলিয়ন ব্যয় করেছে। এটি এক বছরের সহায়তার জন্য জনপ্রতি প্রায় $76,000-এর সমান।

2024 সালে, OPWDD নিম্নলিখিত খাতে অর্থ ব্যয় করেছে:

- কেয়ার কোঅর্ডিনেশন বাবদ $517 মিলিয়ন ডলার
- সার্টিফায়েড রেসিডেন্সিয়াল সার্ভিসেস বাবদ $5.9 বিলিয়ন ডলার
- কমিউনিটি হ্যাবিলিটেশন বাবদ $823 মিলিয়ন ডলার
- ডে প্রোগ্রাম এবং এমপ্লয়মেন্ট সাপোর্ট বাবদ $1.8 বিলিয়ন ডলার
- রেসপাইট বাবদ $372 মিলিয়ন ডলার
- অন্যান্য সহায়তা এবং পরিষেবা বাবদ $509 মিলিয়ন ডলার

পরিষেবার বিভাগ অনুযায়ী Medicaid ব্যয়



লক্ষ্য 1-এর আপডেট

আমাদের কর্মশক্তি, প্রযুক্তি এবং সহযোগিতাকে শক্তিশালী করা

প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তা করার জন্য আরও বেশি কর্মী নিয়োগে OPWDD সাহায্য অব্যাহত রেখেছে

- গত দুই বছর ধরে, আরও বেশি DSP নিয়োগে সাহায্য করার জন্য OPWDD এবং অন্যান্য প্রদানকারীরা 'মোর দ্যান ওয়ার্ক' (More Than Work) নামক একটি প্রচারভিযান ব্যবহার করছে।
- 1.6 মিলিয়নেরও বেশি মানুষ ওয়েবসাইটটি ভিজিট করেছেন এবং 96,000-এরও বেশি মানুষ স্থানীয় চাকরির বিষয়ে জানতে প্রদানকারী সংস্থাগুলির ওয়েবসাইটে গিয়েছেন।

প্রতিবন্ধী ব্যক্তিদের আরও ভালোভাবে সহায়তা করার জন্য কর্মীরা নতুন দক্ষতা শিখতে বিনামূল্যে প্রশিক্ষণ পেয়েছেন

- নিউ ইয়র্ক স্টেট জুড়ে 21টি ভিন্ন SUNY ক্যাম্পাসে 1,300 জন শিক্ষার্থী DSP মাইক্রোক্রেডেনশিয়াল প্রশিক্ষণে অংশ নিয়েছেন।
- কর্মীরা ট্রমা ইনফর্মড কেয়ার, সাংস্কৃতিক সক্ষমতা, ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা এবং ফ্রন্ট লাইন সুপারভাইজারের দক্ষতার মতো বিভিন্ন বিষয়ে জানতে পেরেছেন।

মানুষ যাতে আরও দ্রুত এবং সহজে পরিষেবা পায় তা নিশ্চিত করতে OPWDD প্রযুক্তি ব্যবহার করছে

- আমাদের প্রযুক্তি এবং কম্পিউটার সিস্টেমের উন্নতির জন্য ফেডারেল ফান্ডিং পেতে OPWDD ডিপার্টমেন্ট অফ হেলথ-এর সাথে কাজ করেছে।

1.6 মিলিয়ন+
মানুষ
#MoreThanWork
ওয়েবসাইট ভিজিট করেছেন

$4 বিলিয়ন
2022 সাল থেকে প্রদানকারী এবং কর্মীদের দেওয়া হয়েছে

3,000 জন DSP
নতুন দক্ষতা শিখেছেন এবং একটি ই-ব্যাজ অর্জন করেছেন

OPWDD-কে আরও উন্নত করতে একসাথে কাজ করা

আমাদের সিস্টেমকে আরও ভালো করার জন্য OPWDD অনেক মানুষ, পরিবার এবং প্রদানকারীদের সাথে কাজ করে। আপনারা কী চান এবং ভবিষ্যতের জন্য আপনাদের লক্ষ্য কী তা শোনার জন্য আমরা পুরো নিউ ইয়র্ক স্টেট জুড়ে মানুষের সাথে দেখা করি।

OPWDD এখানে সশরীরে মিটিং করেছে:

- Niagara Falls
- Syracuse
- Hyde Park
- Long Island
- Brooklyn



OPWDD অনলাইনেও 5টি মিটিং করেছে।

হাইলাইটস

2025 সালে OPWDD পাঁচটি সশরীরে উপস্থিত হওয়ার ফোরামের আয়োজন করেছে

2025 সালে OPWDD পাঁচটি অনলাইন ফোরাম আয়োজন করেছে

ফোরামগুলিতে 150-এরও বেশি মানুষ OPWDD-এর সাথে তাদের মন্তব্য শেয়ার করেছেন

সেলফ-অ্যাডভোকেট এবং যারা ইংরেজির পরিবর্তে অন্য ভাষায় কথা বলেন তাদের জন্য OPWDD ইভেন্ট আয়োজন করেছে

প্রধান বিষয়গুলি ছিল সেলফ-ডিরেকশন, পরিষেবায় অ্যাক্সেস, আবাসন, কর্মী, OPWDD-এর সাথে কাজ করা এবং বার্ধক্য

অনেকে বলেছেন যে তারা পরিবর্তন আনতে OPWDD-কে সাহায্য করতে চান

লক্ষ্য 2-এর আপডেট

উদ্ভাবন এবং পরিবর্তনের মাধ্যমে আমাদের সিস্টেমকে রূপান্তর করা

যারা চাকরি চান তাদের লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করার জন্য OPWDD তাদের বিভিন্ন প্রোগ্রাম এবং প্রশিক্ষণের সাথে যুক্ত করেছে

- প্রায় 400 জন মানুষ ক্যারিয়ার-নির্দিষ্ট প্রশিক্ষণ শেষ করেছেন।

আবাসন সম্পর্কিত পরিষেবাগুলি উন্নত করতে OPWDD মানুষ, পরিবার এবং প্রদানকারীদের সাথে কাজ করছে

- মানুষের প্রয়োজন অনুযায়ী উপযুক্ত আবাসন খুঁজে পাওয়া সহজ করার জন্য OPWDD প্রযুক্তির উন্নয়ন অব্যাহত রেখেছে।
- অ্যাসিস্টিভ টেকনোলজি, এনভায়রনমেন্টাল ও ভেহিকল মডিফিকেশনের মতো প্রোগ্রামগুলি ব্যবহার করা এবং পাওয়া সহজ করার জন্য OPWDD কাজ করেছে।
- OPWDD-এর স্টেট অপারেটেড পরিষেবাগুলি অত্যন্ত জটিল চাহিদাসম্পন্ন মানুষদের জন্য আবাসনের ব্যবস্থা করে।

পরিষেবার মান উন্নত করতে OPWDD বিভিন্ন প্রজেক্টে কাজ করছে

- প্রতিবন্ধী ব্যক্তিদের আরও ভালো স্বাস্থ্য এবং দাঁতের পরিচর্যা নিশ্চিত করতে OPWDD ডাক্তার, নার্স এবং ডেন্টিস্টদের সাথে কাজ করছে।
- সাপোর্টেড ডিসিশন-মেকিংয়ের জন্য নতুন নিয়ম তৈরি করা হয়েছে যাতে মানুষ তাদের অধিকার বুঝতে পারে এবং প্রয়োজনীয় সহায়তা পায়।
- OPWDD-এর কর্মীরা পুরো নিউ ইয়র্ক জুড়ে মানুষ, পরিবার এবং প্রদানকারীদের কোঅর্ডিনেটেড অ্যাসেসমেন্ট সিস্টেম প্রক্রিয়া এবং টুলের ওপর প্রশিক্ষণ দিয়েছেন।

$25 মিলিয়ন+
2024 সালের বাজেটে রিজিওনাল ডিজঅ্যাবিলিটিজ ক্লিনিকের জন্য

9,800+
সাইট রিভিউ OPWDD দ্বারা করা হয়েছে

1,200+
মানুষকে CAS সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে

প্রোগ্রাম উন্নত করতে মানুষ ও পরিবারের সাথে কাজ করা

সেলফ-ডিরেকশন এবং কেয়ার কোঅর্ডিনেশন উন্নত করতে OPWDD সেলফ-অ্যাডভোকেট, পরিবার এবং প্রদানকারীদের সাথে কাজ করছে।

2024 সালে, উভয় প্রোগ্রামে কী কাজ করছে এবং কী আরও ভালোভাবে করা যেতে পারে তা দেখার জন্য OPWDD একটি প্রজেক্ট শুরু করেছে।

সেই মতামত পর্যালোচনা করা হয়েছে এবং সেলফ-ডিরেকশন ও কেয়ার কোঅর্ডিনেশন কীভাবে উন্নত করা যায় সে বিষয়ে একটি পরিকল্পনা তৈরিতে ব্যবহার করা হয়েছে।

আপনি OPWDD-এর ওয়েবসাইটে সেলফ-ডিরেকশন এবং কেয়ার কোঅর্ডিনেশন রিপোর্টের একটি কপি পেতে পারেন।

CCO মূল্যায়ন	সেলফ-ডিরেকশন মূল্যায়ন
3,000 + মানুষ, প্রদানকারী এবং কেয়ার ম্যানেজাররা অংশগ্রহণ করেছেন	**9,000 +** মানুষ, পরিবার এবং প্রদানকারীরা অংশগ্রহণ করেছেন
67+ সুপারিশ তৈরি করা হয়েছে	**8** সুপারিশ তৈরি করা হয়েছে
লক্ষ্য	**লক্ষ্য**
নিয়মগুলি বোঝা সহজ করা, কেয়ার ম্যানেজারদের আরও ভালোভাবে প্রশিক্ষণ দেওয়া এবং তাদের চাকরিতে টিকে থাকতে সহায়তা করা	সেলফ-ডিরেকশনে অ্যাক্সেস সহজ করা, FI পরিষেবার মান উন্নত করা এবং নিয়মগুলি আরও স্পষ্ট ও বোধগম্য করা

লক্ষ্য 3-এর আপডেট

আমাদের ব্যক্তি-কেন্দ্রিক সমর্থন এবং পরিষেবাগুলি উন্নত করা

NYS-এ প্রত্যেকের যাতে সাহায্য ও সহায়তায় সমান অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে OPWDD কাজ করেছে

- OPWDD-এর কর্মীদের সহজ ভাষায় লেখার এবং নথি ও ফর্মগুলি যাতে বিভিন্ন ভাষায় পাওয়া যায় তা নিশ্চিত করার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- বিভিন্ন সংস্কৃতির মানুষ এবং যারা ইংরেজির পরিবর্তে অন্য ভাষায় কথা বলেন তাদের কীভাবে সাহায্য করা যায় সে বিষয়েও OPWDD-এর কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

OPWDD বিভিন্ন প্রেক্ষাপট ও সংস্কৃতির প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবারকে অ্যাডভোকেট হতে শিখিয়েছে

- একটি নতুন লিডারশিপ একাডেমি মানুষকে নিজেদের এবং তাদের কমিউনিটির জন্য কীভাবে অ্যাডভোকেসি করতে হয় তা শিখতে সাহায্য করেছে।
- সবার জন্য সিস্টেমটিকে কীভাবে আরও ভালো করা যায় তা নিয়ে কথা বলতে গ্রুপটি অনলাইনে এবং সশরীরে দেখা করেছে।

কাজ করার জন্য OPWDD নতুন কমিউনিটি খুঁজে পেয়েছে

- তথ্য ও ধারণা বিনিময়ের জন্য OPWDD দুটি জাতি, ওননডাগা এবং কানিয়েন-কেহা:কা (সেন্ট রেজিস মোহক ট্রাইব)-এর সাথে যুক্ত হয়েছে।

2,600+
নথি 60+ ভাষায় অনুবাদ করা হয়েছে

4,000+
মানুষ ভাষা অ্যাক্সেস পরিষেবা ব্যবহার করে সাহায্য পেয়েছেন

80+
মানুষ লিডারশিপ একাডেমিতে যোগ দিয়েছেন

জটিল চাহিদাসম্পন্ন মানুষদের সহায়তা করা

OPWDD দ্বারা সহায়তাপ্রাপ্ত কিছু মানুষের এমন পরিষেবার প্রয়োজন হয় যা OPWDD একাই প্রদান করতে পারে না।

যাদের আরও বেশি পরিষেবার প্রয়োজন তাদের সাহায্য করার জন্য, OPWDD অন্যান্য স্টেট ও স্থানীয় এজেন্সির সাথে কাজ করে তাদের বিভিন্ন ধরণের সহায়তার সাথে যুক্ত করে। সেই কাজের কিছু উদাহরণ হলো:

- সংকটাপন্ন মানুষদের জন্য অফিস অফ মেন্টাল হেলথ (Office of Mental Health)-এর সাথে 11টি জরুরি এবং সহায়তা প্রোগ্রাম।
- দুটি স্পেশালিটি হাসপাতাল যা জটিল চিকিৎসা চাহিদাসম্পন্ন মানুষদের সহায়তা করে।
- সিরাকিউসে একটি বিশেষ হাসপাতাল ইউনিট যা চ্যালেঞ্জিং আচরণযুক্ত তরুণ-তরুণীদের জন্য।
- OPWDD কর্মীরা প্রদানকারীদের সংকটে থাকা 40 জনেরও বেশি মানুষের জটিল সমস্যাগুলি পরিচালনা করতে সাহায্য করেছেন।

OPWDD অনেক মানুষকে সাহায্য করে যাদের জটিল চাহিদা রয়েছে বা জরুরি সাহায্যের প্রয়োজন।

নতুন কমপ্রিহেনসিভ অ্যাডাল্ট ট্রানজিশনাল হোমস (Comprehensive Adult Transitional Homes, CATH) সেইসব মানুষকে সাহায্য করে যারা এক ধরণের পরিবেশ থেকে অন্য পরিবেশে স্থানান্তরিত হচ্ছেন।

NYS জুড়ে OPWDD-এর 9টি CATH প্রোগ্রাম রয়েছে

OPWDD 2026-2027 সালে 3টি আরও CATH প্রোগ্রাম যোগ করবে

6টি স্টেট অপারেশনস অঞ্চলের মধ্যে 5টিতে CATH প্রোগ্রাম রয়েছে

CATH প্রোগ্রামে মানুষ গড়ে 14 মাস থাকেন

CATH গ্র্যাজুয়েটরা সফল হয়েছেন এবং তারা যখন ছেড়ে যাওয়ার জন্য প্রস্তুত হন তখন তাদের কম সহায়তার প্রয়োজন হয়

CATH প্রোগ্রাম মানুষকে দক্ষতা শিখতে এবং কমিউনিটির অংশ হওয়ার সুযোগ দেয়

OPWDD অ্যাডভোকেসি এবং পিয়ার সাপোর্ট ইউনিট

আমরা কারা

অ্যাডভোকেসি এবং পিয়ার সাপোর্ট ইউনিটে পিয়ার স্পেশালিস্ট এবং ইন্ডিভিজুয়াল ও ফ্যামিলি অ্যাডভোকেটরা শামিল রয়েছেন।

এই অ্যাডভোকেটদের বাস্তব অভিজ্ঞতা রয়েছে এবং তারা সেই অভিজ্ঞতা ব্যবহার করে মানুষকে সহায়তা করেন, OPWDD পরিষেবা উন্নত করেন এবং এজেন্সিকে আরও সহজলভ্য ও ন্যায্য করতে জনসাধারণের সাথে আরও ভালোভাবে যোগাযোগ করতে OPWDD-কে সাহায্য করেন।

এই অ্যাডভোকেটরা পুরো নিউ ইয়র্ক স্টেট জুড়ে মানুষকে সহায়তা করেন।

আমরা যা করি

অ্যাডভোকেসি, শিক্ষা, এবং উন্নয়ন।

OPWDD অ্যাডভোকেটরা তথ্য শেয়ার করেন, মানুষকে পরিষেবার সাথে যুক্ত হতে এবং নিজেদের জন্য আরও জোরালো অ্যাডভোকেট হতে সাহায্য করেন। তারা মানুষ এবং বিভিন্ন গ্রুপকে তাদের কাজ এবং এজেন্সির বিষয়ে প্রশিক্ষণও দেন।

2024-2025 সালে:

- **30+**টি পাবলিক ইভেন্ট
- **45+**টি স্টাফ ট্রেনিং
- **50+**টি পিয়ার সাপোর্ট কেস
- **15+**টি কমিটির সদস্যপদ

কীভাবে যোগাযোগ করবেন

প্রশ্ন জিজ্ঞাসা করতে, আরও জানতে বা সহায়তার অনুরোধ করতে মানুষ অ্যাডভোকেসি এবং পিয়ার সাপোর্ট ইউনিটের সাথে যোগাযোগ করতে পারেন।

ইমেইল: advocacy@opwdd.ny.gov

সংস্থানসমূহ

- লাইফ পডকাস্ট অ্যাক্সেস করা
- সেলফ-অ্যাডভোকেসি ওয়েবপেজ

NEW YORK STATE | Office for People With Developmental Disabilities

বিকাশমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কপিরাইট © NYS অফিস

2025

44 Holland Avenue, Albany, NY 12229

(866) 946-9733

info@opwdd.ny.gov

www.opwdd.ny.gov

26-ডিসেম্বর-2025